

ঢাকা, ১৬ জুন ২০১৯

মধ্যপ্রাচ্য ও ইউরোপের শ্রম বাজারের চাহিদা অনুযায়ী মাধ্যমিক ও কারিগরি শিক্ষার পরিবর্তন করা হচ্ছে।

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এম পি

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন ভবিষ্যৎ সব সময়ই অনিশ্চিত। এটি এক ধরনের চ্যালেঞ্জ। দেশ ও বিদেশের শ্রম বাজারের ক্ষেত্রে ও এই চ্যালেঞ্জ প্রযোজ্য। দেশে বিদেশে শ্রম বাজারে ভবিষ্যৎ এ কি ধরনের পরিবর্তন হবে তা আমাদের গবেষণা করতে হবে। সে অনুযায়ী আমাদের শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে হবে। এই লক্ষ্য নিয়ে মাধ্যমিক ও কারিগরি শিক্ষায় ব্যাপক পরিবর্তনের চিন্তা করছে সরকার। তিনি আজ রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা বিভাগের স্কিল এন্ড এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (STEP) এর আওতায় কারিগরি শিক্ষার্থীদের মেধা ও উদ্ভাবনী শক্তি বিকাশের জনপ্রিয় প্রতিযোগিতা স্কিলস কম্পিটিশন ২০১৮ এর চূড়ান্ত পর্বের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। কারিগরি ও মাদ্রাসা বিভাগের অতিরিক্ত সচিব এ কে এম জাকির হোসেন ভুইয়া এর সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব মো: আলমগীর, কারিগরি অধিদপ্তরের মহাপরিচালক রওনক মাহমুদ। স্টেপ প্রকল্পের প্রকল্প পরিচালক এ বি এম আজাদ প্রমুখ। মন্ত্রী বলেন উপযুক্ত মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে টেকসই উন্নয়ন করা সম্ভব। মো: আলমগীর বলেন আমরা আমাদের বর্তমান উৎপাদনের মাধ্যমে উন্নত দেশ হতে পারব না। আমাদের উৎপাদন শীলতা বাড়াতে হবে। আর তা করতে হলে বাজার চাহিদা অনুযায়ী আমাদের আন্তরিকতার সাথে দক্ষ মানব সম্পদ গড়ে তুলতে হবে।

উল্লেখ্য,এ স্কিল কম্পিটিশনে ১৬২ টি সরকারি বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট প্রায় ২৫০০ টি প্রজেক্ট জমা দেয়। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নধীন স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট ২০১৪ সাল থেকে সরকারি-বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষার্থীদের মেধা ও উদ্ভাবনী শক্তি বিকাশের লক্ষ্যে স্কিলস কম্পিটিশন আয়োজন করে আসছে।

মোহাম্মদ আবুল খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল নাম্বার: ০১৭১৬০৬৬৮৮৮

